


শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	সৌরভ কুমার দে উপজেলা মৎস্য কর্মকর্তা বাসাইল, টাঙ্গাইল।
সভার স্থানঃ	উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, বাসাইল, টাঙ্গাইল।
সভার তারিখঃ	২৩ আগস্ট, ২০২৩
সময়ঃ	সকাল ১০.৩০ ঘটিকা
উপস্থিতিঃ	পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান যে দেশ থেকে দুর্নীতি দূরীকরণ, সুশাসন প্রতিষ্ঠা ও দেশের সামগ্রিক উন্নয়নের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করা হয়েছে। সকল দপ্তরকে এই কৌশল মেনে দাপ্তরিক কাজ পরিচালনা করতে হবে। অফিসের কর্ম পরিবেশ উন্নয়নের জন্য তিনি সকল কর্মচারিকে ধন্যবাদ জানান। এছাড়া গত সভার সিদ্ধান্ত এর কি পরমাণ বাস্তবায়ন হয়েছে সে বিষয়ে আলোচনা হয় এবং সভায় উপস্থিত সকলে মতামত ব্যক্ত করেন। গত সভার সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়িত হওয়ায় সভাপতি সকলকে ধন্যবাদ জানান। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়-

- সিদ্ধান্ত ১- অফিসে আগত সকল স্টেকহোল্ডারদের সাথে সৌজন্যমূলক আচরণ করতে হবে।
- সিদ্ধান্ত ২- নৈতিকতা কমিটির সিদ্ধান্ত ১০০% বাস্তবায়নের জন্য সকলকে সচেষ্ট থাকার জন্য বলা হয়।
- সিদ্ধান্ত ৩- সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।
- সিদ্ধান্ত ৪- জুলাই/২৩-সেপ্টেম্বর/২৩ সময়ের ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন ওয়েবপোর্টালে আপলোড।
- সিদ্ধান্ত ৫- কর্মকর্তা/কর্মচারীগণের যথাসময়ে অফিসে আগমন ও প্রত্যাগমন নিশ্চিতকরণ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার কাজ সমাপ্তি ঘোষণা করা হয়


23/08/2023



সৌরভ কুমার দে
উপজেলা মৎস্য কর্মকর্তা
ও
সভাপতি
শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি,
বাসাইল, টাঙ্গাইল।

পরিশিষ্ট ক

শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার উপস্থিতি তালিকা

তাং- ০৫/০১/২০২৩ খ্রিঃ

স্থান- উপজেলা মৎস্য দপ্তর, বাসাইল, টাঙ্গাইল।

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
১	হাবিবুল্লাহ	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	
২	রংমালা সরকার	অফিস সহায়ক	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর
বাসাইল, টাঙ্গাইল।
www.fisheries.basail.tangail.gov.bd

স্মারক নং-৩৩.০২.৯৩০৯.৫০১.৪৩.০০১.২১-৯৫

তারিখ : ০৫ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ:
২০ আগস্ট, ২০২৩ খ্রি.

নোটিশ

এতদ্বারা উপজেলা মৎস্য দপ্তর, বাসাইল, টাঙ্গাইল এর সকল কর্মচারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৩/০৮/২০২৩ খ্রি. রোজ বুধবার সকাল ১০.৩০ ঘটিকায় উপজেলা মৎস্য কর্মকর্তা, বাসাইল, টাঙ্গাইল মহোদয়ের অফিস কক্ষে তাঁর সভাপতিত্বে এপিএ নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় আপনাকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।


20/08/2023

(সৌরভ কুমার দে)

উপজেলা মৎস্য কর্মকর্তা

বাসাইল, টাঙ্গাইল।

ফোন : ০২৯৯৭৭৫৫৪১১

ই-মেইল : ufobasail@fisheries.gov.bd


20.8.23

প্রাপক

বাসাইল, টাঙ্গাইল।